

দৈনিক ইনকিলাব

ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী

৪র্থ পৃষ্ঠার পর

গড়বে। এ দুটি স্লোগানকে ধারণ করে আয়োজিত প্রতিষ্ঠাবার্ষিকীর র্যালিতে অংশ নিতে ঢাকা মহানগরীর বিভিন্ন থানা, শিক্ষা প্রতিষ্ঠান এবং বিভিন্ন জেলা থেকে ছাত্রলীগের মিছিল এসে সমবেত হয় ক্যাম্পাসের ঐতিহাসিক আমতলায়। ছাত্রলীগ সভাপতি শিয়াকত সিকদার এবং সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু জাতীয় ও সাংগঠনিক পতাকা উত্তোলন এবং কবুতর ও বেগুন উড়িয়ে র্যালির উদ্বোধন করেন। র্যালির উদ্বোধনকালে ছাত্রলীগের সাবেক সভাপতি ওবায়দুল কাদের, ডাঃ মোতফা জালাল মহিউদ্দিন, আব্দুল মান্নান, সুলতান মোহাম্মদ মনসুর আহাম্মেদ, বাহাদুর বেপারী এবং সাবেক সাধারণ সম্পাদক বাহাদুল মজনুন চন্দ্র, আ. খ. ম জাহাঙ্গীর হোসেন এমপি, জাহাঙ্গীর কবির নানক

আবদুত রহমান, ডাকসুর সাবেক তিপি আবতালজ্জামান, মাহমুদুর রহমান মান্না, কালিদ মাহমুদ চৌধুরী উপস্থিত ছিলেন। র্যালিতে বর্তমান নেতৃত্বের মধ্যে ছিলেন মারুফ আক্তার পশি, রফিকুল ইসলাম কোতোয়াল, বলরাম পোখরা, আনিসুর রহমান, শাহজাদা মহিউদ্দিন, আমিনুল ইসলাম, আশরাফুল আজিম রুহন, জসিম উদ্দিন খান আজম, জহির উদ্দিন মাহমুদ লিটন, অহিদুর রহমান টিপু, ইকবাল হোসেন হুইট্ট, বিশ্বনাথ সরকার মিট, সাহেবজামান শিকর, মাহমুদর অনাম, বান মঈনুল ইসলাম মোস্তাক, পবিত্রজামান তরুণ, জাকির হোসেন মারুফ, নাজমুল ইসলাম জুহিন, সোহেল হাজারী, অলক কবিত, শাহ মোতফা আলমগীর, এম এ মমিন পাটোয়ারী প্রমুখ। বর্ণাঢ্য র্যালিটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন, টিএসসি, মোড়েল চত্বর, কার্জন হল হয়ে রাজধানীর বিভিন্ন কেন্দ্রপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে বঙ্গবন্ধু জাদুঘর সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে এসে শেষ হয়।

র্যালি পূর্ব উদ্বোধনী অনুষ্ঠানে ছাত্রলীগ নেতৃত্ব সংগঠনের ইতিহাস-ঐতিহ্য ছুঁলে ধরে ইশেন, ছাত্রলীগ অসুস্থ ধারণ ছাত্র রাজনীতির বিরুদ্ধে অবস্থান নিয়ে সুস্থ ধারণ তথ্যপ্রকৃতি ও মেধানির্ভর ছাত্র রাজনীতি প্রতিষ্ঠার জন্য প্রতিষ্ঠার এই দিনে উদীয়কার্যকর। নেতৃত্ব হলেন, মহান মুক্তিযুদ্ধের চেতনায় ঐক্যবদ্ধ হয়ে বর্তমান সরকারের দুঃশাসনের পতন ঘটানোর জন্য দুর্বার ছাত্র আন্দোলন গড়ে তুলতে হবে। এর আগে সকাল ৯টায় ছাত্রলীগ নেতৃত্ব শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পতরক অর্পণ করেন।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জামদ ছাত্রলীগ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে র্যালি ও অপরাহ্নেয় বাংলার পাদদেশে সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি করিম সিকদার। বাসদ ছাত্রলীগ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সকাল সাড়ে ১০টায় কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পতরক অর্পণ করে। পরে এক সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি ইমাম গাজালী, সাধারণ সম্পাদক মিজান প্রমুখ। এছাড়া অন্যান্য ধারার ছাত্রলীগ এ উপলক্ষে পৃথক পৃথক কর্মসূচী পালন করে।

ফুলিয়া জেলা সর্বোদনাতা জানান, চরম উত্তেজনা ও ব্যাপক পুলিশী নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে ফুলিয়ার ছাত্রলীগের ৪টি গ্রুপ আলাদাতাবে ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করেছে। শহরের তরুণ পুরুষ পুরুষে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েনের ফলে ৪টি গ্রুপের মধ্যে সন্ধ্যা রক্তক্ষয়ী সংঘর্ষ এড়ানো গেছে। তবে উত্তেজনা ছিল সারাক্ষণ। সকাল ১১টায় জেলা আঙ্গীং কার্যালয় থেকে একটি আনন্দ মিছিল বের করা হয়। এতে নেতৃত্ব দেন জেলা ছাত্রলীগ যুগ্ম আহ্বায়ক ছাদেকুর রহমান রানা ও সদস্য সচিব আনিসুর রহমান মির্জা। একই সময়ে ছাত্রলীগ সহ-আহ্বায়ক সাহিদুর নেতৃত্বে মডার্ন স্কুল থেকে আরেকটি মিছিল বের হয়ে শহর প্রদক্ষিণ করে জেলা আওয়ামী লীগ কার্যালয়ে শেষ হয়। জেলা ছাত্রলীগের যুগ্ম-আহ্বায়ক কবির সিকদারের নেতৃত্বে ভিক্টোরিয়া কলেজ শহীদ মিনার হতে একটি মিছিল বের হয়। পুনরায় ওই স্থানে এসে শেষ হয়। বেলা আড়াইটার দিকে জেলা ছাত্রলীগের সহ-আহ্বায়ক সখীর বড়ুয়া তাহেরের ও ছোটনের নেতৃত্বে অপর একটি গ্রুপ জেলা আওয়ামী লীগ কার্যালয়ে সমবেত হয়। এ গ্রুপটি বিকাল ৪টায় এক বিরাট আনন্দ র্যালি বের করে। কালকাঠি জেলা সর্বোদনাতা জানান, ছাত্রলীগের ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কালকাঠি ছাত্রলীগের উদ্যোগে ৪ জানুয়ারী সকালে এক র্যালি শহর প্রদক্ষিণ করে এবং কালকাঠি প্রেসক্রায়ে এক সমাবেশের আয়োজন করে। এতে হাবিবুর রহমান হাবিব, দেলোয়ার হোসেন, মানিক লাল ঘোষ, বেজাউল করিম জাকির প্রমুখ ছাত্রনেতা বক্তব্য করেন।

ময়মনসিংহে জেলা সর্বোদনাতা জানান, গতকাল বঙ্গবন্ধু ছাত্রলীগের ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জেলা ছাত্রলীগ বিদ্যুত কর্মসূচী পালন করে। সকাল ৬টায় দলীয় কার্যালয়ে পতাকা উত্তোলন, শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে সন্মানদান এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয়

আলোকশিখা জ্বালিয়ে ঢাবিতে ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঢাকা রিপোর্টার : বিপুল উৎসাহ-উদ্দীপনা এবং বর্ণাঢ্য কর্মসূচী পালনের মধ্যে দিয়ে গতকাল (শনিবার) পালিত হয়েছে বাংলাদেশ ছাত্রলীগের ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে আওয়ামী লীগের ছাত্র সংগঠন ছাত্রলীগ রাজধানীতে বিশাল র্যালিসহ বিভিন্ন কর্মসূচী পালন করে। এর আগে গত শুক্রবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে ৫৫টি আলোকশিখা জ্বালিয়ে এবং তেক কেটে ছাত্রলীগের জন্মদিন পালন করা হয়।

'জেগে ওঠো বাংলাদেশ' এবং 'ইতিহাস-আমাদেরই সৃষ্টি, ইতিহাস আমরাই ৪-এর পৃঃ ৪-এর কঃ সেখুন



ইনকিলাব : ছাত্রলীগ গতকাল সংগঠনের ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে রাজধানীতে বর্ণাঢ্য র্যালি বের করে